# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ

# ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল প্রোগ্রামে ভর্তি নির্দেশিকা

# শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

**ভর্তি বিষয়ক ওয়েবসাইটঃ www.nu.ac.bd/admissions**

**(আবেদনের তারিখঃ ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখ থেকে ৩১ জানুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত)**

## সাধারণ নির্দেশনা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ৩১ জানুয়ারি ২০২৬ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করে প্রিন্ট নিতে হবে এবং উক্ত ফরমসহ প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ শিক্ষা কার্যক্রমে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ০১ মার্চ ২০২৬ তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Prospectus/Important Notice** অপশন থেকে জানা যাবে।

খ) এ ভর্তি কার্যক্রমে আবেদনকারীদের **SSC** ও **HSC** পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে কোর্সভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে।

গ) ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও মেধা তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions)** মাধ্যমে জানা যাবে।

ঘ) প্রাথমিক আবেদন ফরমে কোন আবেদনকারীর তথ্য/ছবি ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ বা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ভর্তি হতে পারবে।

চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ছ) এই ভর্তি নির্দেশিকার যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**১। প্রাথমিক আবেদনের ন্যূনতম যোগ্যতা**

**ক)** বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে **১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল প্রোগ্রামে** আবেদনের ন্যূনতম যোগ্যতা নিম্নরূপ:

| ক্রমিক | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে পঠিত শাখা | ২০২১/২০২২/২০২৩ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৩/২০২৪/২০২৫ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| i) | মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে **HSC** (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা | **২.০** | **২.০** | **৪.৫** |
| ii) | বিজ্ঞান শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে **HSC** (ভোকেশনাল) শাখা | **২.২৫** | **২.০** | **৪.৭৫** |
| বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার, ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স টেকনোলজি) ও ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্স থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের আবেদনের ন্যূনতম যোগ্যতা: | | | | |
| iii) | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে পঠিত শাখা | ২০১৯/২০২০/২০২১ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৩/২০২৪/২০২৫ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ (সিজিপিএ স্কেল ৫.০ এ পরিবর্তীত করে) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
| | ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | **২.২৫** | **২.০** | **৪.৭৫** |

**খ)** আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (**Eligible**) কোর্স নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০ থাকতে হবে।

**গ)** ২০২১/২০২২/২০২৩ সালের **O-Level** পরীক্ষায় তিনটি বিষয়ে **'বি'** গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৩/২০২৪/২০২৫ সালের **A-Level** পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর অথবা ইমেইল এ্যাড্রেসে (**adm.hons@nu.ac.bd**) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর **O-Level** ও **A-Level** পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

**ঘ)** বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের (বাংলাদেশের নাগরিক হতে হবে) ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর অথবা ইমেইল এ্যাড্রেসে (**adm.hons@nu.ac.bd**) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, নম্বরপত্রের সমতা নিরূপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

**ঙ)** আবেদনকারী উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় যে শাখা থেকে উত্তীর্ণ হয়েছে তাকে সেই শাখার জন্য নির্ধারিত প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের মানবিক শাখার আবেদন ফরম পূরণ করতে হবে।

**২। ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে নির্বাচিত কোর্সসমূহে আবেদনের যোগ্যতা ও কোর্সভিত্তিক আসন বন্টন**

| ক্রমিক | ভর্তিচ্ছু কোর্স | নিম্নের বিষয়সমূহের যে কোন একটিতে উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত বিষয় হিসাবে থাকতে হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০ পেতে হবে | উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য আসন বন্টন (শতকরা হারে) |
|---|---|---|---|
| ১। | **Bachelor of Business Administration (BBA)** | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান শাখা থেকে পঠিত যে কোন একটি বিষয়ে ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০ পেতে হবে। | মানবিক শাখা → ১৫%<br>বিজ্ঞান শাখা → ১৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ৭০%<br>► মেধা তালিকা দেয়ার পরেও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ২। | **Bachelor of Education (BEd)** | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান শাখা থেকে পঠিত যে কোন একটি বিষয়ে ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০ পেতে হবে। | মানবিক শাখা → ৪০%<br>বিজ্ঞান শাখা → ২০ % |

| | | | |
|---|---|---|---|
| ৩। | **Apparel Manufacture and Technology (AMT)** | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান শাখা থেকে পঠিত যে কোন একটি বিষয়ে ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০ পেতে হবে।<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে সিজিপিএ ২.০ পেতে হবে। | ব্যবসায় শিক্ষা শাখা → ৪০%<br>▶ মেধা তালিকা দেয়ার পরেও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ৪। | **Fashion Design and Technology (FDT)** | | |
| ৫। | **Knitwear Manufacture and Technology (KMT)** | | |
| ৬। | **Computer Science and Engineering (CSE)** | ১। পদার্থবিজ্ঞান (Physics)<br>২। রসায়ন (Chemistry)<br>৩। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার, ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স টেকনোলজি) কোর্সে সিজিপিএ ২.০ পেতে হবে। | বিজ্ঞান শাখা → ১০০% |
| ৭। | **Electronics and Communication Engineering (ECE)** | | |
| ৮। | **Bachelor of Fine Arts (BFA)** | ১। বি.এফ.এ প্রি ডিগ্রী | বি.এফ.এ প্রি ডিগ্রী → ১০০% |
| ৯। | **BSc Honour's in Textile Science and Technology** | ১। পদার্থবিজ্ঞান (Physics)<br>২। রসায়ন (Chemistry)<br>৩। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে সিজিপিএ ২.০ পেতে হবে। | বিজ্ঞান শাখা → ১০০% |
| ১০। | **Tourism and Hospitality Management (THM)** | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান শাখা থেকে পঠিত যে কোন একটি বিষয়ে ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০ পেতে হবে। | ▶ উচ্চ মাধ্যমিক/সমমান পর্যায়ে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য মেধাস্কোরের ভিত্তিতে আসন বন্টন করা হবে। |
| ১১। | **Theatre and Media Studies (TMS)** | | |
| ১২। | **BBA in Aviation Management** | উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় মানবিক/ব্যবসায় শিক্ষা/বিজ্ঞান শাখা থেকে পঠিত যে কোন একটি বিষয়ে ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০ পেতে হবে। | মানবিক শাখা → ১৫%<br>বিজ্ঞান শাখা → ১৫%<br>ব্যবসায় শিক্ষা শাখা → ৭০%<br>▶ মেধা তালিকা দেয়ার পরেও যদি কোর্সভিত্তিক আসন শূন্য থাকে সেক্ষেত্রে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য নির্ধারিত আসন বন্টনের শতকরা হার রহিত করে রিলিজ স্লিপের ফলাফল প্রকাশ করা হবে। |
| ১৩। | **BSc in Aeronautical and Aviation Science and Engineering** | ১। উচ্চতর গণিত (Higher Mathematics)<br>২। পদার্থবিজ্ঞান (Physics)<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং (কম্পিউটার, ইলেকট্রিক ও ইলেকট্রনিক্স টেকনোলজি) কোর্সে সিজিপিএ ২.০ পেতে হবে। | বিজ্ঞান শাখা → ১০০% |

৩। অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Professional Tab-এ গিয়ে Apply Now (Hons. Professional) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ভবিষ্যতে শিক্ষার্থীকে শিক্ষা সহায়ক সকল তথ্য প্রদানের ক্ষেত্রে এই মোবাইল নম্বরটি ব্যবহার করা হবে। |
| সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ | ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে ঐ আবেদনকারীর আবেদন ফরম/ভর্তি বাতিল বলে গণ্য হবে। |

| | |
|---|---|
| কলেজ নির্বাচন ও কোর্স পছন্দক্রম নির্ধারণ | এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (**Eligible**) কোর্সের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক যে কোন কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল শ্রেণির ভর্তি যোগ্য কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সর্তকতার সঙ্গে তার প্রার্থিত কোর্সের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। |
| প্রযোজ্য ক্ষেত্রে কোটার আবেদন | মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম অথবা পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন কোর্সভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে। |
| ছবি আপলোড | প্রাথমিক ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size: 50kb** হতে হবে।<br>উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। |
| ফরম চূড়ান্তকরণ | আবেদনকারীকে সঠিক ছবি ও তথ্যসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর **Application ID** ও পিন ওয়েবসাইটে প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে **[A4 (8.5”×11”)** অফসেট সাদা কাগজে**]** প্রিন্ট/**pdf** কপি সংগ্রহ করতে হবে। |
| আবেদন ফরম বাতিলকরণ/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন | আবেদনকারীকে তার প্রাথমিক আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত ভুল অথবা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য আবেদনকারীকে **Applicant Login** অপশনে **Professional Login** লিংকে গিয়ে আবেদন ফরমের **Application ID** ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারী **Form Cancel/Photo Change Option** লিংকে গিয়ে **Click to Generate the Security Key** অপশনটি ক্লিক করলে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** দেয়া হবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না। |
| সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম ও ফি জমাদান | আবেদনকারীকে প্রাথমিক আবেদন ফরম ও আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) নির্ধারিত সময়ে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল আবেদনকারীকে **SMS** এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। |

৪। মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী ও বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত হতে হবে*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত একটি কোর্সে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। (কোর্সভিত্তিক আসন বণ্টন) | কোটার কোর্সভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না। (কলেজভিত্তিক আসন বণ্টন) | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| ক্ষুদ্র নৃগোষ্ঠী | ০১ টি | ০৭ টি | |
| বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন কোর্সভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে।

৫। পোষ্য (**Ward**) কোটায় আবেদন

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকে পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন নির্ধারিত আসনের অতিরিক্ত বলে বিবেচিত হবে।

৬। ফলাফল ও মেধা তালিকা প্রণয়ন পদ্ধতি

ক) আবেদনকারীদের ৪র্থ বিষয়সহ **SSC** ও **HSC** পরীক্ষায় প্রাপ্ত জিপিএ থেকে যথাক্রমে ৪০% ও ৬০% এর ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে কোর্সভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে কোর্স বরাদ্দ দেয়া হবে।

খ) একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে এ সকল আবেদনকারীর **i)** ৪র্থ বিষয়সহ **SSC** ও **HSC** পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% **ii)** প্রয়োজন হলে ৪র্থ বিষয়সহ **SSC** ও **HSC** পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% নিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে **iii)** এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হয়, সেক্ষেত্রে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

গ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় আবেদনকারী কোন শিক্ষার্থী মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি না হলে ঐ শিক্ষার্থীকে পুনরায় কোটার মেধা তালিকায় স্থান দেয়া হবে না।

ঘ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে মেধা তালিকা, কোটার মেধা তালিকা ও রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, এ ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ স্লিপে আবেদন করার কোন সুযোগ থাকবে না।

৬) সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে কোর্সভিত্তিক মেধা তালিকা দেখতে পারবে। আবেদনকারীরা ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এবং SMS (nu<space>athp<space>Application ID) টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা কলেজ থেকেও মেধা তালিকার ফলাফল জানতে পারবে।

৭। ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে মেধাক্রম প্রণয়ন পদ্ধতি

ধাপ-ক

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | মেধাক্রম |
|---|---|---|---|---|
| 111 | 5 | 5 | 2 + 3 =5 | 1 |
| 112 | 5 | 4.8 | 2 + 2.88 =4.88 | 2 |

ধাপ-খ

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট= SSC তে প্রাপ্ত নম্বরের এর ৪০% + HSC তে প্রাপ্ত নম্বরের ৬০% | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|
| 111 | 5 | 5 | 2 + 3 =5 | 820 | 860 | 328 + 516 =844 | 1 |
| 112 | 5 | 5 | 2 + 3=5 | 820 | 810 | 328 + 486 =814 | 2 |

ধাপ-গ

| রোল নং | SSC জিপিএ | HSC জিপিএ | মোট= SSC জিপিএ (৪০%) + HSC জিপিএ (৬০%) | SSC প্রাপ্ত নম্বর | HSC প্রাপ্ত নম্বর | মোট= SSC তে প্রাপ্ত নম্বরের এর ৪০% + HSC তে প্রাপ্ত নম্বরের ৬০% | আবেদনকারীর বয়স | মেধাক্রম |
|---|---|---|---|---|---|---|---|---|
| 111 | 5 | 5 | 2 + 3=5 | 820 | 860 | 328 + 516 =844 | 18 Y | 1 |
| 112 | 5 | 5 | 2 + 3=5 | 820 | 860 | 328 + 516 =844 | 18 Y 2 M | 2 |

৮। মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশনে Professional Login লিংকে গিয়ে আবেদন ফরমের Application ID ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম, বরাদ্দকৃত কোর্স, কলেজের নাম ও অন্যান্য তথ্যসহ চূড়ান্ত ভর্তি ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| কোর্স পরিবর্তনের আবেদন | মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার কোর্স পরিবর্তন করতে চাইলে আবেদন ফরমে কোর্স পরিবর্তনের নির্দিষ্ট ঘরে Yes অপশনটি সিলেক্ট করতে হবে। উল্লেখ্য যে, কোটা অথবা রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। |
| চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট/pdf কপি সংগ্রহ | সঠিক তথ্যসহ আবেদন ফরমটি Submit Application অপশনে ক্লিক করলে চূড়ান্ত ভর্তি ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। ফরমটি ডাউনলোড করে দুই কপি A4 (8.5”×11”) অফসেট কাগজে প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। পরবর্তীতে Application ID ও পিন এন্ট্রি দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। |
| সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি জমাদান | শিক্ষার্থীকে চূড়ান্ত ভর্তি ফরম ও কোর্সভিত্তিক রেজিস্ট্রেশন ফি [অনুচ্ছেদ-১২(খ) এ বর্ণিত কোর্সভিত্তিক হারে] সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল চূড়ান্ত আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল শিক্ষার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে। |
| কোর্স পরিবর্তনের ফলাফল ও করণীয় | সংশ্লিষ্ট কলেজে কোর্সভিত্তিক শূন্য আসন সাপেক্ষে ও মেধা স্কোরের ভিত্তিতে শিক্ষার্থীদের পছন্দক্রম অনুযায়ী কোর্স পরিবর্তন করে দেয়া হবে এবং ভর্তি সংশ্লিষ্ট website/SMS এর মাধ্যমে শিক্ষার্থীরা তা জানতে পারবে। শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে ওয়েবসাইট থেকে একই প্রক্রিয়ায় কোর্স পরিবর্তনের ফরম সংগ্রহ করতে হবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন হলে তার পূর্বের কোর্সে ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তীত কোর্সে তার ভর্তি নিশ্চিত হবে। তবে কোন শিক্ষার্থীর কোর্স পরিবর্তন না হলে তার পূর্বের কোর্সে ভর্তি বহাল থাকবে।<br>▶ কোর্স পরিবর্তনের ক্ষেত্রে আবেদনকারীকে কোন ফি প্রদান করতে হবে না। |
| কোটার ফলাফল | রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। উল্লেখ্য যে, কোটায় আবেদনকারী কোন শিক্ষার্থী মেধা তালিকায় স্থান পেয়ে ভর্তি না হলে ঐ শিক্ষার্থীকে কোটার মেধা তালিকায় অর্ন্তভুক্ত করা হবে না। |

৯। দ্বৈত ভর্তি বাতিল সম্পর্কিত জ্ঞাতব্য

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ অথবা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত হলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে ঐ শিক্ষার্থীর উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় উক্ত শিক্ষাবর্ষে ভর্তিকৃত কোন শিক্ষার্থী ভর্তি বাতিল করলে তা পুন:বহাল করার সুযোগ থাকবে না।

১০। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত করণীয়

যে সকল আবেদনকারী মেধা তালিকায় স্থান পাবে না অথবা মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত কোর্সে ভর্তি হবে না, সে সকল আবেদনকারী কোর্সভিত্তিক শূন্য আসন সাপেক্ষে তিনটি কলেজে আলাদাভাবে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে। কলেজ কর্তৃপক্ষ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করবে না, সে সকল আবেদনকারী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।

| রিলিজ স্লিপের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন<br>**(Login)** | রিলিজ স্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login** অপশনে **Professional Login** লিংকে গিয়ে আবেদন ফরমের **Application ID** ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| কলেজ ও কোর্স পছন্দক্রম নির্ধারণ | রিলিজ স্লিপে আবেদনের জন্য **College Selection Option** এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজ **Select** করলে ঐ কলেজের কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা ও তার **Eligible** কোর্সের তালিকা দেখতে পাবে। এ পর্যায়ে আবেদনকারী তার **Eligible** কোর্সের তালিকা থেকে নতুন করে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী মোট তিনটি কলেজে পর্যায়ক্রমে কোর্স পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করবে। |
| আবেদন ফরম চূড়ান্তকরণ | সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, রোল নম্বর, কলেজের নাম ও কোর্স পছন্দক্রমসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে দেখতে পাবে। উক্ত ফরমটি **Download** করে **A4 (8.5”×11”)** অফসেট সাদা কাগজে প্রিন্ট **(Print)** নিতে হবে। রিলিজ স্লিপের আবেদন ফরম আবেদনকৃত কলেজসমূহে জমা দিতে হবে না ও কোন ফি প্রদান করতে হবে না। |
| রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরেও কোন আবেদনকারী তার আবেদন ফরমে কলেজ/কোর্সের পছন্দক্রম সংশোধন বা পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Applicant Login** অপশনে গিয়ে প্রাথমিক আবেদন ফরমের **Application ID** ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Cancel Release Slip** অপশনে গিয়ে **Click to Generate the Security Key** ক্লিক করতে হবে। এ সময়ে আবেদনকারীকে তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** দেয়া হবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। আবেদনকারী এ সুযোগ কেবল একবারই পাবে। |
| রিলিজ স্লিপের ফলাফল | রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে প্রকাশ করা হবে। রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের কোর্স পরিবর্তনের কোন সুযোগ থাকবে না। |
| রিলিজ স্লিপের ভর্তি ফরম সংগ্রহ | আবেদনকারী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজে কোর্স বরাদ্দ পেলে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Professional Applicant's Login** অপশনে গিয়ে ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট/**pdf** কপি সংগ্রহ করবে। শিক্ষার্থীকে রিলিজ স্লিপের ভর্তি ফরম ও কোর্সভিত্তিক রেজিস্ট্রেশন ফি [অনুচ্ছেদ-১২(খ) এ বর্ণিত কোর্সভিত্তিক হারে] সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দিতে হবে। |

১১। কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

| ধাপসমূহ | করণীয় |
|---|---|
| কলেজ লগইন | কলেজকে ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **College (undergraduate) Login** অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিতে হবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security Key** অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP)** দেয়া হবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে।<br>২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে বরাদ্দকৃত **User ID, Password** এবং **One Time Password (OTP)** জন্য প্রদত্ত মোবাইল নম্বর বহাল থাকবে। |
| প্রাথমিক আবেদন ফি সংগ্রহ | কলেজ কর্তৃপক্ষ তাদের নিজস্ব তত্ত্বাবধানে নির্ধারিত মোবাইল ব্যাকিং এর মাধ্যমে অথবা সরাসরি আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা গ্রহণ করবেন। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ তাদের নিজস্ব ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে আবেদনকারীদের নির্দেশনা প্রদান করবেন। |
| প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম নিশ্চয়ন | নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন নিশ্চিত করতে হবে। কলেজ কর্তৃক কোন প্রাথমিক/চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে ঐ শিক্ষার্থী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না। |
| প্রাথমিক আবেদন ‘ফি’র নির্ধারিত অংশ “সোনালী ব্যাংক” এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | কলেজকে প্রাথমিক আবেদন ফি’র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ৮০০/- (আটশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে **Login** এর মাধ্যমে **Application Payment Info (Prof.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি ফান্ডের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ ‘সোনালী ব্যাংক’ এর যে কোন শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |
| রেজিস্ট্রেশন ফি’র নির্ধারিত অংশ “সোনালী ব্যাংক” এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ | কলেজ কর্তৃপক্ষ ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি’র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [অনুচ্ছেদ-১২(খ) এ বর্ণিত কোর্সভিত্তিক হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে কলেজকে **Login** এর মাধ্যমে **Admission Payment Info (Prof.)** অপশনে ক্লিক করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রফেশনাল “রেজিস্ট্রেশন ফি” খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ ‘সোনালী ব্যাংক’ এর যে কোন শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |

**১২। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সসমূহে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফিসের হার**

**ক) প্রাথমিক আবেদন ফি:**

| | |
|---|---|
| আবেদনকারী প্রতি প্রাথমিক আবেদন ফি | = ১,০০০/- (এক হাজার) টাকা<br>i) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ৮০০/-(আটশত) টাকা<br>ii) কলেজের অংশ ২০০/-(দুইশত) টাকা |

**খ) কোর্সভিত্তিক রেজিস্ট্রেশন ফি:**

| কোর্সের নাম | ফিসের ধরণ | ফিসের হার |
|---|---|---|
| 1. Bachelor of Business Administration (BBA)<br>2. Bachelor of Education (BEd)<br>3. Bachelor of Fine Arts (BFA)<br>4. Apparel Manufacture and Technology (AMT)<br>5. Fashion Design and Technology (FDT)<br>6. Knitwear Manufacture and Technology (KMT) | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা<br>= ৫০/- (পঁঞ্চাশ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট = ১,৮৭০/- (এক হাজার আটশত সত্তর) টাকা |
| 7. Computer Science and Engineering (CSE)<br>8. Electronics and Communication Engineering (ECE)<br>9. Tourism and Hospitality Management (THM)<br>10. Theatre and Media Studies (TMS)<br>11. B.Sc. Honour's in Textile Science and Technology | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ২,০০০/- (দুই হাজার) টাকা<br>= ৫০/- (পঁঞ্চাশ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট = ২,০৭০/- (দুই হাজার সত্তর) টাকা |
| 12. BBA in Aviation Management<br>13. BSc in Aeronautical and Aviation Science | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | = ১৮,০০০/- (আঠার হাজার) টাকা<br>= ৫০/- (পঁঞ্চাশ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট = ১৮,০৭০/- (আঠার হাজার সত্তর) টাকা |

**ভাইস-চ্যান্সেলর মহোদয় এর অনুমোদনক্রমে**

২৩.১২.২০২৫

(ড. মো. আশেক কবির চৌধুরী)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোন : ০২-৯৯৬৬৯১৫৮৪
ই-মেইল: **adm.hons@nu.ac.bd**

© *কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ*